রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, ডিসেম্বর ২১, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সংস্থাপন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৭ পৌষ ১৪১৭ বঙ্গাব্দ/২১ ডিসেম্বর ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৪০০-আইন/২০১০/০৫.১৭০.০২২.০৩.০৫.০৪১.২০১০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রযোজ্যতা**।—(১) এই বিধিমালা সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার সাঁটমুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিস্ট, অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগযোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা কোন মন্ত্রণালয় বা বিভাগ, সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত বা আধা স্বায়ত্তশাসিত সংস্থা ও কর্পোরেশন এবং প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এ বিধিমালায়,—

(ক) "পিপি" অর্থ কোন প্রকল্পের প্রকল্প প্রস্তাব;

(খ) "টিএপিপি" অর্থ কোন প্রকল্পের কারিগরি সহায়তা প্রকল্প প্রস্তাব;

(গ) "পদ" অর্থ তফসিলে উল্লেখিত কোন পদ;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল।



মূল্য ঃ টাকা ২.০০

-১০২-



৩। **বিধিমালার প্রাধান্য**।—আপাততঃ বলবৎ অন্য কোন বিধিমালা, প্রবিধানমালা বা আদেশ-নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলী প্রাধান্য পাইবে।

৪। **পদবী ও নিয়োগ যোগ্যতা, ইত্যাদি**।—(১) তফসিলের ২ নং কলামে উল্লিখিত পদসমূহের পদবী উহাদের বিপরীতে ৩ নং কলামে উল্লিখিত পদবীতে পরিবর্তিত হইবে এবং উক্ত পরিবর্তিত পদসমূহের নিয়োগযোগ্যতা হইবে সংশ্লিষ্ট পদের বিপরীতে ৪ নং কলামে উল্লিখিত নিয়োগযোগ্যতা।

(২) পদের পদবী ও উহার নিয়োগযোগ্যতার পরিবর্তন সত্ত্বেও, উক্ত পদের বেতনস্কেল ও পদোন্নতির সোপান অপরিবর্তিত থাকিবে।

৫। **অসুবিধা দূরীকরণ**।—এই বিধিমালা কার্যকর করিবার ক্ষেত্রে কোন অসুবিধা দেখা দিলে সরকার, উক্ত অসুবিধা দূরীকরণার্থ, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, সরকারি আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

**তফসিল**

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

| ক্রমিক নং | বর্তমান পদবী | পরিবর্তিত পদবী | পরিবর্তিত নিয়োগযোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| (১) | সাঁটলিপিকার/ স্টেনোগ্রাফার | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে ঃ<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| (২) | সাঁটমুদ্রাক্ষরিক/ স্টেনোটাইপিষ্ট | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে ঃ<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| (৩) | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে ঃ<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| (৪) | মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে ঃ<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| (৫) | মুদ্রাক্ষরিক | কম্পিউটার মুদ্রাক্ষরিক | সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা/প্রবিধানমালা, পিপি, টিএপিপি তে বর্ণিত নিয়োগযোগ্যতা ও নিয়োগ পদ্ধতি অপরিবর্তিত রাখিয়া শুধুমাত্র মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপি ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে ঃ<br>(ক) বাংলা ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী ঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর সিদ্দিক**
অতিরিক্ত সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
সংগঠন ও ব্যবস্থাপনা-২ শাখা
(www.moestab.gov.bd)

**প্রজ্ঞাপন**

নং-০৫.১৫১.০২২.০০.০০.০০১.২০০৯-৯১ তারিখঃ ২২ বৈশাখ, ১৪১৭ / ০৫ মে, ২০১০

সরকার সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও বিভিন্ন সরকারী অফিসে জনবল কাঠামোতে নিয়োজিত অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদবী নিম্নরূপে পরিবর্তন করিলেনঃ

| ক্রমিক নং | বর্তমান পদবী | পরিবর্তিত পদবী |
|---|---|---|
| ০১. | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক |
| ০২. | মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী | |
| ০৩. | মুদ্রাক্ষরিক | |

০২। এই আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ইহা জারীর তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত

(মোঃ মুস্তাফিজুর রহমান)
যুগ্ম-সচিব (সওব্য)

নং-০৫.১৫১.০২২.০০.০০.০০১.২০০৯-৯১ তারিখঃ ২২ বৈশাখ, ১৪১৭ / ০৫ মে, ২০১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।

০৩। সচিব নৌপরিবহন মন্ত্রণালয়/বিভাগ।

| | | |
|---|---|---|
| DIR | DESS | CNS |
| DD (R&D) | ESS&E | DD (S) |
| SOMS | Ch.Chem | Chem |
| P.O. | C.I. | S.O. |
| Co-Ord-01 | INS (H.O.) | Co-Ord-02 |
| AD | A.O. | Asstt. Chem. |

যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (বাণিজ্যিক)
যুগ্ম-প্রধান (পরিকল্পনা)
সচিবের একান্ত সচিব

সচিব

জরুরী

নৌ-পরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

নং-১৮.০১১.০৩৩.০০.০০.০২৯.২০১০- ৮৩১ তারিখ ঃ ১৭-০৫-২০১০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে।

(মোছাঃ মোর্শেদা ফেরদৌস)
সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৬৯২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।

২। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা।

৩। চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, কাওরান বাজার, ঢাকা।

৪। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, চট্টগ্রাম।